

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

নথি নং- ৫(১৩)০৮/বন্ড কমি:/কাস শা: (সদর) বিসিসিএএমইএ/২০০১/

তারিখ : ১২.৯.২০১১

অফিস আদেশ

বিষয়: রপ্তানিমুখী কার্টন শিল্পের কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতায় লাইনার পেপার ও মিডিয়াম পেপারের একক ওজন (জিএসএম) সুনির্দিষ্টকরণ।

উল্লিখিত বিষয়ে নিম্নরূপ আদেশ জারী করা হলো:

- (১) যে সকল প্রতিষ্ঠানের অনুকূলে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর কর্তৃক জারীকৃত সহগে লাইনার পেপার ও মিডিয়াম পেপারের একক ওজন (জিএসএম) সুনির্দিষ্ট করা নেই সে সকল প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা প্রদানকালে এই দুটি উপকরণের একক ওজন (জিএসএম) উল্লেখ করা হবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান রপ্তানীর প্রয়োজন মোতাবেক যথাযথ ঘোষণা দিয়ে প্রাপ্যতায় অন্তর্ভুক্ত উক্ত দুটি উপকরণ আমদানি করতে পারবে;
- (২) আমদানিকৃত উপকরণের স্পেসিফিকেশন (জিএসএম) পাশ বহিতে এবং ইনবন্ড রেজিস্টারে সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে;
- (৩) ইউপি ইস্যুকালে উক্তরূপ স্পেসিফিকেশন (জিএসএম) অনুযায়ী উপকরণের সমন্বয়/বিয়োজন নিশ্চিত করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
[মো: শওকাত হোসেন]
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে